



পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বিদায়ী সাক্ষাৎ করলেন ভারতীয় হাইকমিশনার



পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের সঙ্গে বিদায়ী সাক্ষাতে ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা। ছবি : সংগৃহীত

পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের সঙ্গে বিদায়ী সাক্ষাৎ করেছেন বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা। সোমবার (৪ মে) পররাষ্ট্র মন্ত্রণালয়ে মন্ত্রীর দপ্তরে এই সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

সাক্ষাতে বাংলাদেশ ও ভারতের দ্বিপাক্ষিক সম্পর্কের বর্তমান অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। দুই পক্ষই ভবিষ্যতে পারস্পরিক সক্ষমতা ও আগ্রহকে ভিত্তি করে সহযোগিতার ক্ষেত্র আরও বিস্তৃত করার বিষয়ে মত প্রকাশ করেন। চলমান সম্পর্কে আরও গতিশীল করার সম্ভাবনা নিয়েও ইতিবাচক আলোচনা হয়।

ঢাকার ভারতীয় হাইকমিশন জানায়, দায়িত্বকালজুড়ে সহযোগিতার পরিবেশ বজায় রাখায় হাইকমিশনার সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান। পাশাপাশি জনগণকেন্দ্রিক ও পারস্পরিক স্বার্থভিত্তিক সম্পর্ক আরও শক্তিশালী করতে ভারতের আগ্রহ পুনর্ব্যক্ত করা হয়। পররাষ্ট্রমন্ত্রীও তার অবদানের প্রশংসা করে ভবিষ্যৎ দায়িত্বে সফলতা কামনা করেন।

LENS ASIA